# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৫৫

২৮/ দোয়া (كتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/৯. আল্লাহর মহান নাম (ইসমে আযম)

بَاب اسْمِ اللهِ الْأَعْظَمِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي زِيَادٍ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ، عَنْ أَسْمَاءَ بِنْتِ يَزِيدَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " اسْمُ اللَّهِ الأَعْظَمُ فِي هَاتَيْنِ الآيَتَيْنِ (وَإِلَهُكُمْ إِلَهٌ وَاحِدٌ لاَ إِلَهَ إِلاَّ هُوَ الرَّحْمَنُ الرَّحِيمُ) وَفَاتِحَةِ سُورَةِ آلِ عِمْرَانَ " .

বাংলা

১/৩৮৫৫। আসমা বিনতে ইয়াযীদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর মহান নাম (ইসমে আযম) এই দু’ আয়াতের মধ্যে নিহিত আছে (অনুবাদ): ’’আর তোমাদের ইলাহ একমাত্র ইলাহ। তিনি ব্যতীত অন্য কোন ইলাহ নাই। তিনি দয়াময় অতি দয়ালু ’’ ( ২ঃ ১৬৩) এবং সূরা আল ইমরানের প্রথম আয়াত।

## English

It was narrated from Asma' bint Yazid that :
the Messenger of Allah (saas) said: "The Greatest Name of Allah is in these two Verses: And your Ilah (God) is One Ilah (God - Allah), La Ilaha Illa Huwa (none has the right to be worshipped but He), the Most Gracious, the Most Merciful.' And at the beginning of Surah Al 'Imran."

ফুটনোট

তিরমিযী ৩৪৭৮, আবূ দাউদ ১৪৯৬, আহমাদ ১৭০৬৪, দারেমী ৩৩৮৯, সহীহ আবু দাউদ ১৩৪৩, তাখরীজুল মিশকাত ২৯৯১। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. উবায়দুল্লাহ বিন আবু যিনাদ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও ইবনু

হাজার আল-আসকালানী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইমাম বুখারী তাকে দুর্বল বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৬৩৫, ১৯/৪২ নং পৃষ্ঠা) ২. শাহর বিন হাওশাব সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন ও ইয়াকুব বিন সুফইয়ান এবং আল-আজালী বলেন, তিনি সিকাহ। শু'বাহ ইবনুল হাজ্জাজ তাকে বর্জন করেছেন। আহমাদ বিন হাম্বল ও আবু হাতিম আর-রাযী বলেন, কোন সমস্যা নেই। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৭৮১, ১২/৫৭৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44820

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন